

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ জানুয়ারি, ২০২০ খ্রিঃ/২৩ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০২.০৪৯.১৯-১৬—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে  
বিধিমালা না হওয়া পর্যন্ত উক্ত আইনের অধীনের ১২৪(১)(খ) এর ক্ষমতাবলে সরকার ড্রাইভিং  
প্রশিক্ষক লাইসেন্স প্রদানের জন্য পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপ আদেশ জারি করল :

ড্রাইভিং প্রশিক্ষক লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ এ মর্মে সন্তুষ্ট হবেন যে—

- (ক) (১) মধ্যম ও ভারী মোটরযান চালানোর প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারী বৈধ  
পেশাগত ভারী ড্রাইভিং লাইসেন্সের অধিকারী এবং কোনো ভারী মোটরযান  
চালনায় তার অনূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা রয়েছে এবং দরখাস্তকারী  
উক্ত সময়ে ধারাবাহিকভাবে মোটরযান চালিয়েছেন মর্মে প্রমাণপত্র দাখিল  
করেছেন;
- (২) তার বয়স কমপক্ষে ২৭ (সাতাশ) বছর পূর্ণ হয়েছে;
- (৩) তিনি কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে এসএসসি পরীক্ষায় অথবা উহার  
সমমানের পরীক্ষায় পাশ করেছেন;
- (৪) তিনি উত্তম চরিত্রের অধিকারী;

(১৪৪৭)

মূল্য : টাকা ৪.০০

- (খ) (১) হালকা মোটরযান চালানোর প্রশিক্ষণ প্রদানের জন্য দরখাস্তকারী বৈধ পেশাগত হালকা ড্রাইভিং লাইসেন্সের অধিকারী এবং কোনো হালকা মোটরযান চালনায় তার অন্যান্য ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা রয়েছে এবং দরখাস্তকারী উক্ত সময়ে ধারাবাহিকভাবে মোটরযান চালিয়েছেন মর্মে প্রমাণপত্র দাখিল করেছেন;
- (২) তার বয়স কমপক্ষে ২৪ (চব্বিশ) বছর পূর্ণ হয়েছে;
- (৩) তিনি কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে এসএসসি পরীক্ষায় অথবা উহার সমমানের পরীক্ষায় পাশ করেছেন;
- (৪) তিনি উত্তম চরিত্রের অধিকারী;

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন  
সহকারী সচিব।